# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-06-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হয়েছে। জম্মু কাশ্মীরের পহেলগাঁওয়ে সন্ত্রাসবাদী হামলায় নিহত পর্যটক এবং সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শোক জ্ঞাপনের পর প্রথম দিনের অধিবেশন আজ মুলতুবি হয়ে যায়।

মুর্শিদাবাদে নিহত দুজনের প্রতি শোক জ্ঞাপন করা হয়নি বলে বিজেপি উষ্মা প্রকাশ করেছে।

২) দেশের বিভিন্ন অংশের সঙ্গে এরাজ্যেও কোভিডের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় তা নিয়ন্ত্রণে রাজ্য সরকার সব রকম প্রস্তুতি নিচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৩) বোলপুরের আইসির পরিবারকে কুরুচীকর আক্রমণের প্রতিবাদে বিজেপি আজ সেখানে নারী সম্মান যাত্রা করেছে।

৪) সুপ্রিম কোর্টের রায়ে চাকরী হারা গ্রুপ সি ও গ্রুপ ডি কর্মীদের ভাতা দেওয়ার সিদ্ধান্তে বেশ কিছু প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট।

৫) বিদ্যুত্‍ দপ্তর বাড়িতে বাড়িতে স্মার্ট মিটার লাগানোর কাজ আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

৬) ধরতি আবা বীরসা মুণ্ডার ১২৫ তম প্রয়াণ বার্ষিকীকে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে।

-------------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হয়েছে। জম্মু কাশ্মীরের পহেলগাঁওয়ে সন্ত্রাসবাদী হামলায় নিহত পর্যটক এবং সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শোক জ্ঞাপনের পর রাজ্য বিধানসভার প্রথম দিনের অধিবেশন আজ মুলতুবি হয়ে যায়। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আব্দুর রেজ্জাক মোল্লা, তাপস সাহা, নেপাল দেব ভট্টাচার্যের মত রাজনীতিক, দিলীপ কুমারের মত চলচ্চিত্র তারকার পাশাপাশি পহেলগাঁওয়ে নিহত পর্যটকদের উদ্দ্যেশে শোক প্রস্তাব পাঠ করেন। এক মিনিট নিরবতা পালনের পর অধিবেশন দিনের মত মুলতুবি ঘোষণা করেন তিনি।

উল্লেখ্য, এবারের অধিবেশনে অপারেশন সিন্দুরে ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হবে। আগামীকাল অধিবেশনের দ্বিতীয় দিনে এই প্রস্তাব নিয়ে ২ ঘণ্টা আলোচনা হওয়ার কথা।

---------------------

বিধানসভার আজকের শোক প্রস্তাবে মুর্শিদাবাদে নিহত দুজনের প্রতি শোক জ্ঞাপন করা হয়নি বলে বিজেপি উষ্মা প্রকাশ করেছে। পরিষদীয় দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ আজ বিধানসভার বাইরে সাংবাদিকদের বলেন, মুর্শিদাবাদে নিহত দুজনের প্রতি শোক জ্ঞাপন করা হবে বলে তারা আসা প্রকাশ করেছিলেন। তবে তা হয়নি। যা অত্যন্ত দুঃখজনক।

বাইট

শঙ্কর ঘোষ অভিযোগ করেছেন, মালদা ও মুর্শিদাবাদে পুলিশকে নিষ্ক্রিয় রেখে পরিকল্পিতভাবে আক্রমণ এবং দুজনকে হত্যা করা হয়েছে। পুলিশ যেভাবে জনগণের আবেদনে সাড়া না দিয়ে অপরাধীদের পাশে থেকেছে, তা মেনে নেওয়া যায়না।

এদিকে, শঙ্কর ঘোষের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল আজ বর্ধমানে তৃণমূল কংগ্রসের হাতে আক্রান্ত দলের নেতা কর্মীদের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের তারা বলেন, এরাজ্যে বিরোধী রাজনীতি করার জন্য যেভাবে শাসকদলের হেনস্থার মুখে পড়তে হচ্ছে, তা মধ্যযুগীয় বর্বরতার উদাহরণ।

---------------------

দেশের বিভিন্ন অংশের সঙ্গে এরাজ্যেও  কোভিডের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় তা নিয়ন্ত্রণে রাজ্য সরকার সবরকমের প্রস্তুতি নিচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। কোভিডের প্রস্তুতি নিয়ে আজ নবান্নে এক উচ্চ-পর্যায়ের বৈঠক মমতা বলেন, এই নিয়ে আতঙ্কের কোনো কারণ নেই। করোনা নিয়ে রাজ্যের কাছে এখনও পর্যন্ত যে তথ্য রয়েছে, তা উদ্বেগজনক নয়। তবে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সরকার হাসপাতালগুলিতে বেড, অক্সিজেন সহ সবরকম পরিকাঠামো প্রস্তুত রাখছে। সকলকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

বৈঠকে উপস্থিত বিশিষ্ট চিকিৎসক যোগীরাজ রায় বলেন, কোভিডের এই ভ্যারিয়েন্ট ওমিক্রন ভাইরাসের একটি উপপ্রজাতি। দ্রুত এর থেকে মুক্তি মিলবে বলে বিশেষজ্ঞরা মনে করছেন। অন্যদের মধ্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য, মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, স্বাস্থ্য সচিব প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।

কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষও বলেছেন, করোনা নিয়ে এখনই ভয় বা আতঙ্কের কোনো কারণ নেই। তবে স্বাস্থ্য দপ্তরের নির্দেশ মতই পুরসভা কোভিড বিধি মেনে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেবে। সাধারণ মানুষকেও তিনি মাস্ক ব্যবহার, হাত ধোওয়া ও দূরত্ব বজার রাখার মত কোভিড বিধি মেনে চলতে বলেন।

অতীন বাবু আজ দক্ষিণ কলকাতার হালতু এলাকায় ১২ নম্বর বোরো কার্যালয়ে পুর প্রতিনিধি ও আধিকারিকদের সঙ্গে করোনা ও ডেঙ্গু নিয়ে বৈঠক করেন।

কলকাতা পুর এলাকায় কতগুলি পরিত্যক্ত বাড়ি রয়েছে, সেইসব বাড়ির মালিকরা পরিষ্কার পরিচ্ছন্ন রাখছেনা কিনা, কোন কোন এলাকায় মশাবাহিত রোগের সম্ভাবনা এই সমস্ত বিষয়ে বৈঠকে আলোচনা হয়। ডেপুটি মেয়র জানান, পরিত্যক্ত বাড়িতে জঞ্জাল জমে থাকলে পুরসভা সেব্যাপারে বাড়ির মালিককে সতর্ক আগে করবে। কিন্তু তিনি তা না মানলে তার বিরুদ্ধে পুর আইনের ৪৯৬ ও ৪৯৬-এর ক-এর ধারায় নোটিশ জারি করা হবে।

---------------------

রাজ্যে করোনা আক্রান্ত হয়ে রাজ্যে আরও একজনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে, কলকাতার বিডন স্ট্রিটের কাছে মাধব দাস লেনের বছর ৪৮-এর ঐ ব্যক্তি বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি ছিলেন। সেখানে আজ তার মৃত্যু হয়। এই নিয়ে রাজ্যে কোবিডে সংক্রমিত হয়ে দুজন প্রাণ হারালেন।

উল্লেখ্য, রাজ্যে বর্তমানে ৭৪৭ জন কোভিডে সংক্রমিত। গত ২৪ ঘন্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ৫৪ জন।

---------------------

বোলপুরের আইসির পরিবারকে কুরুচিকর ভাষায় আক্রমণের প্রতিবাদে বিজেপি আজ বোলপুরে নারী সম্মান যাত্রা করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই মিছিলের নেতৃত্ব দেন।

মিছিল শেষে এক প্রতিবাদ সভায় শুভেন্দু বাবু আইসির পরিবারের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের জন্য অনুব্রত মণ্ডলের শাস্তির দাবি জানান। তিনি অভিযোগ করেন যে ভাষায় ওই তৃণমূল কংগ্রেস নেতা পুলিশের পরিবারের মহিলাদের আক্রমণ করেছেন তা শোনা যায় না।

বাইট

কিন্তু তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রীর অনুগত হওয়ার কারণে অনুব্রত মণ্ডলের কোন শাস্তি হবে না। তার পরিবর্তে বোলপুরের আইসিকে শাস্তি দেওয়া হবে। তাই অনুব্রত মন্ডলকে শাস্তি দিতে আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে সরকার পরিবর্তন করতে হবে।

---------------------

মালদার রতুয়া দু নম্বর ব্লকের লস্করপুর গ্রামে আজ বিকশিত কৃষি সংকল্প অভিযানের অঙ্গ হিসাবে পাট, ধান, বিভিন্ন ফসল, সব্জি ও মৎস্য চাষ এবং প্রাণী পালন নিয়ে সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়। মালদা কৃষিবিজ্ঞান কেন্দ্রের ব্যবস্থাপনায় এই শিবিরে কৃষকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। কৃষিবিজ্ঞান কেন্দ্রের বিশেষজ্ঞ ডক্টর অদৈত মন্ডল জানিয়েছেন, কেন্দ্রের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক এবং ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের যৌথ উদ্যোগে গোটা দেশের সঙ্গে মালদাতেও ২৯ শে মে থেকে এই অভিযান চলেছে। বিজ্ঞানীদের সহযোগিতায় কৃষকদের স্বার্থে গ্রহণ করা হয়েছে বিভিন্ন কর্মসূচি। কেভিকে ছাড়াও নিনফেট-এর বিশেষজ্ঞরা এবং কলকাতার

বিজ্ঞানী ডঃ এইচ বাইতে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। গ্রামে গিয়ে বিজ্ঞানীদের পরামর্শে কৃষকরা সরাসরি উপকৃত হবেন এবং তাদের আয় বৃদ্ধি পাবে।

---------------------

মুর্শিদাবাদের চারটি ব্লকের ৮ টি গ্রামে আজ দু দফায় বিকশিত কৃষি সংকল্প অভিযানের প্রচার ও কর্মশালার আয়োজন করে সারগাছি ধান্যগঙ্গা কৃষি বিজ্ঞান কেন্দ্র। জেলার কৃষি প্রধান গ্রামগুলির আগ্রহী কৃষকদের প্রথাগত ধান, পাট, গম চাষের পাশাপাশি বিকল্প ডাল ও ভুট্টা, আখ চাষের সুলুক সন্ধান দেওয়া হচ্ছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ১১ বছরে ভারতের উন্নয়ন যাত্রা নিয়ে নমো অ্যাপে সমীক্ষায় অংশ নিতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে শ্রীমোদী পোর্টালের একটি লিঙ্ক শেয়ার করেছেন। ওই লিঙ্কের মাধ্যমেই জন মন সমীক্ষায় অংশ নেওয়া যাবে।

---------------------

সেবা, সুশাসন এবং গরিব কল্যাণ— এই তিন নীতিকে ভিত্তি করে বিগত এক দশকে ভারতের পরিবর্তনের যে যাত্রা শুরু হয়েছে, তারই বিশেষ প্রতিবেদন উপস্থাপন করছে আকাশবাণী সংবাদ। এই পর্বে থাকছে উত্তর-পূর্ব ভারতের উন্নয়নের কথা— একসময় যাকে ভাবা হতো দূরবর্তী সীমান্ত, আজ তা-ই হয়ে উঠেছে সংযোগ, স্বনির্ভরতা ও সম্ভাবনার প্রতীক। আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

এক সময় দেশের মূল ধারার বাইরে বলে মনে করা হতো যাকে, সেই উত্তর-পূর্ব আজ হয়ে উঠছে ভারতের অন্যতম প্রবৃদ্ধির ইঞ্জিন। বৈচিত্র্যে ভরা এই ভূখণ্ড আজ সম্ভাবনার খোঁজে এগিয়ে চলেছে—যেখানে প্রতিটি গ্রাম, উপত্যকা এবং কণ্ঠস্বর জায়গা করে নিচ্ছে দেশের জাতীয় অভিযাত্রায়।

---------------------

সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা গ্রুপ-সি ও গ্রুপ- ডি কর্মীদের ভাতা দেওয়া সংক্রান্ত রাজ্যের সিদ্ধান্তে বেশকিছু প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট। শীর্ষ আদালতের রায়ের পর কোনরকম আলোচনা বা স্ক্রুটিনী ছাড়াই তড়িঘড়ি কেন এই সিদ্ধান্ত নেওয়া হলো, রাজ্যের কাছে আজ তা জানতে চান বিচারপতি অমৃতা সিনহা।

রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্ত পাল্টা যুক্তি দিয়ে জানান, চাকরি চলে যাওয়ার পর তাদের স্বাভাবিক জীবনযাপন যাতে ব্যাহত না হয়, তা নিশ্চিত করতেই সাম্মানিক হিসেবে এই টাকা দেওয়ার সিদ্ধান্ত।

অন্যদিকে মামলাকারীদের পক্ষে আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য বলেন, যারা দূর্নীতি করে চাকরি পেয়েছে তাদেরকে সুবিধা দেওয়ার জন্য এই স্কিম আনা হয়েছে। যদিও রাজ্য একাজ করতে পারে না। এটি সরাসরি সংবিধানের অবমাননা বলে উল্লেখ করেন তিনি। শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছে আদালত।

---------------------

প্রাথমিকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ন্যাশনাল ইনস্টিটিউট অফ ওপেন স্কুলিং (NIOS) থেকে ডিএলএড ডিগ্রি প্রাপ্তদের দায়ের করা মামলার জরুরি ভিত্তিতে শুনানির আবেদন মঞ্জুর করেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য। আগামী ১২ ই জুন মামলার শুনানি হবে।

---------------------

আর জি কর আন্দোলনের অন্যতম মুখ চিকিৎসক দেবাশিস হালদার, আসফাকুল্লা নাইয়া ও অনিকেত মাহাতো-কে কাউন্সেলিং-এর পর তাদের নির্ধারিত পোস্টিং-এর পরিবর্তে অন্যত্র পোস্টিং দেওয়ার অভিযোগে যে মামলা দায়ের হয়েছিল, তারই জরুরী ভিত্তিতে শুনানির আবেদন করা হয়েছে।
১২ জুন বৃহস্পতিবার মামলাটি শুনানির আশ্বাস দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা।

---------------------

বিদ্যুত্ দপ্তর বাড়িতে বাড়িতে স্মার্ট মিটার লাগানোর কাজ আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। এই মর্মে বিদ্যুত্ দপ্তরের তরফে আজ এক বিবৃতি জারি করা হয়েছে।

উল্লেখ্য, বাণিজ্যিক প্রতিষ্ঠান, সরকারি অফিস ও টেলি কমিউনিকেশন টাওয়ার প্রভৃতি জায়গায় সফলভাবে স্মার্ট মিটার লাগানোর পর রাজ্যের তিন চারটি জেলায় কিছু সংখ্যক গার্হস্থ উপভোক্তার বাড়িতে পরীক্ষামূলকভাবে স্মার্ট মিটার লাগানো হলেও তা নিয়ে নানা মহলে অভিযোগ ওঠে। এর পরিপ্রেক্ষিতেই আজকের এই সিদ্ধান্ত বলে জানানো হয়েছে।

---------------------

ধরতি আবা বীরসা মুণ্ডার ১২৫ তম প্রয়াণ বার্ষিকীকে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। আদিবাসীদের অধিকার রক্ষায় তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভগবান বীরসা মুণ্ডার ১২৫ তম প্রয়াণ বার্ষিকী উপলক্ষে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। শ্রীমোদী সোশ্যাল মিডিয়ায় পোস্টে লিখেছেন, ভগবান বীরসা মুণ্ডা আদিবাসী ভাই-বোনদের সুরক্ষা ও কল্যাণের জন্য নিজের জীবন উৎসর্গ করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও আদিবাসী নেতার প্রয়াণ বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় মমতা বলেন, বীরসা মুণ্ডার প্রতি সম্মান জানাতে রাজ্য সরকার উত্তরবঙ্গে তাঁর নামাঙ্কিত কলেজ তৈরি করেছে।

উল্লেখ্য, ১৫ নভেম্বর বীরসা মুণ্ডার জন্মদিনেও ছুটি ঘোষণা করেছে রাজ্য সরকার।

---------------------- ----------------------